

মসজিদে নববীতে নামাজের ফজিলত

মসজিদে নববীতে নামাজের ফজিলত সম্পর্কে তিন ধরনের হাদীস পাওয়া যায়।

এক. মসজিদে নববীতে এক ওয়াক্ত নামাজ মসজিদে হারাম ছাড়া অন্য যে কোন মসজিদে এক হাজার নামাজের চেয়ে উত্তম। (মুসলিম)

দুই. মসজিদে নববীতে এক ওয়াক্ত নামাজ মসজিদে হারাম (মক্কা শরীফ) ছাড়া অন্য মসজিদে পঞ্চাশ হাজার নামাজের সমতুল্য।

عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةُ الرَّجُلِ فِي بَيْتِهِ بِصَلَاةٍ وَصَلَاتُهُ فِي مَسْجِدِ الْقِبَائِلِ بِخَمْسٍ وَعِشْرِينَ صَلَاةً وَصَلَاتُهُ فِي الْمَسْجِدِ الَّذِي يُجْمَعُ فِيهِ بِخَمْسِ مِائَةِ صَلَاةٍ وَصَلَاتُهُ فِي الْمَسْجِدِ الْأَقْصَى بِخَمْسِينَ أَلْفَ صَلَاةٍ وَصَلَاتُهُ فِي مَسْجِدِي

بِخَمْسِينَ أَلْفَ صَلَاةٍ وَصَلَاةٌ فِي الْمَسْجِدِ الْحَرَامِ بِمِائَةِ أَلْفِ صَلَاةٍ (سنن ابن ماجه)

তিনঃ হযরত আনাস ইবনে মালিক রাধিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এরশাদ করেছেনঃ

مَنْ صَلَّى فِي مَسْجِدِي أَرْبَعِينَ صَلَاةً لَا تَفُوتُهُ صَلَاةٌ كُتِبَ لَهُ بِرَاءَةٌ مِنَ النَّارِ وَ نَجَاةٌ مِنَ الْعَذَابِ وَ بَرِيٌّ مِنَ النَّفَاقِ (رَوَاهُ أَحْمَدُ وَرِجَالُهُ ثِقَاتٌ)

যে আমার মসজিদে একাধারে ৪০ ওয়াক্ত নামাজ পড়ে, তার কোন নামাজ মিছ হয়না, তার জন্য জাহান্নাম থেকে মুক্তি, আজাব থেকে নাজাত এবং মুনাফিক্বী থেকে মুক্তি অবধারিত হয়ে যায়। (ইমাম আহমদ রাহঃ বিশ্বস্ত সনদে এই হাদীসটি বর্ণনা করেছেন।